

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৩৪৮  
আগরতলা, ২৬ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
রানীরবাজার পুর পরিষদ ভিত্তিক বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি রানীরবাজার পুর পরিষদ কার্যালয় প্রাঙ্গনে পুর পরিষদ ভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে রানীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুল্ক দাস, ভাইস-চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শাস্ত্রিজ্ঞন চাকমা, রানীরবাজার পুর পরিষদের উপ-কার্যনির্বাহী আধিকারিক সুনীল কুমার মুড়াসিং এবং সমাজসেবী গৌরাঙ্গ ভোমিক উপস্থিত ছিলেন। শিবিরে ৪টি স্বসহায়ক দলকে দীনদয়াল উপাধ্যায় অন্ত্যোদয় যোজনায় জাতীয় শহুরী জীবিকা মিশন ও ত্রিপুরা শহুরী জীবিকা মিশনে ৭ লক্ষ ৪০ হাজার টাকা, ৫ জনকে ১ লক্ষ ৮০ হাজার টাকা করে এবং ১ জন সুবিধাভোগীকে ৫০ হাজার টাকা খণ্ড দেওয়া হয়। প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনায় ১০ জনকে বিনামূল্যে গ্যাসের চুল্লী দেওয়া হয়েছে। ৪০ জন সুবিধাভোগীকে ১০টি করে হাঁস এবং ৩৭ জন সুবিধাভোগীকে ১০টি করে মোরগ দেওয়া হয়েছে।

তাছাড়াও শিবিরে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি যোজনায় ২ জনকে এবং কিষাণ ক্রেডিট কার্ডের সুবিধা ৩ জনকে দেওয়া হয়েছে। এছাড়া ২৫ জন সুবিধাভোগীকে সবজি বীজ এবং ৫ জনকে সংকর জাতীয় ধান বীজ দিয়ে সহায়তা করা হয়। ২৭ জন মাছ চাষীকে মাছ চাষে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং ৩ জন সুবিধাভোগীকে ৮০ হাজার টাকা করে খণ্ড দেওয়া হয়। ৫ জন সুবিধাভোগীকে ছাইল চেয়ার ও ২২ জনকে ওয়াকিৎ স্টিক দেওয়া হয়। তাছাড়া ৪ জন সুবিধাভোগী প্রধানমন্ত্রী মাত্রবন্দনা যোজনার জন্য আবেদনপত্র জমা দেন এবং ৫০ জনকে বাড়িতে রেশন সামগ্রী দেওয়া হয়। ৯ জন সুবিধাভোগীকে ই-শ্রম কার্ড, ৭ জনকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্প ২.০ এবং ৫ জনকে প্রধানমন্ত্রী শ্রমযোগী মানধন যোজনার সুবিধা দেওয়া হয়। মহকুমা শাসক কার্যালয়ের পক্ষ থেকে জনগণের কাছ থেকে ১১টি ইনকাম, ১টি ম্যারেজ, ১টি ওবিসি এবং ৭টি পিআরটিসি সার্টিফিকেট পাওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। রানীরবাজার পুর পরিষদ কার্যালয় জনগণের কাছ থেকে ৪৮৬টি পিআরটিসি, ৭২টি ওবিসি, ২৬টি এসসি, ২২৭টি বিবাহ নিবন্ধীকরণ, ১৭টি আর ও আর, ৩টি টিসি, ২টি মৃত্যু, ৮টি জন্ম এবং ৯টি ট্রেড লাইসেন্স পাওয়ার জন্য আবেদনপত্র গ্রহণ করে।

\*\*\*\*\*